

৯ম পে-ক্লেল বাস্তবায়নের দাবি ইবির শিক্ষক- কর্মকর্তাদের

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

জাতীয় ৯ম পে-ক্লেলের দ্রুত গেজেট প্রকাশ ও
বাস্তবায়নের দাবিতে মানববন্ধন করেছে
ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষক, কর্মকর্তা
ও কর্মচারীরা। মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) দুপুরে
বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন চতুরে মানববন্ধন
করেন তারা।

এসময় উপস্থিত ছিলেন জিয়া পরিষদের
সভাপতি অধ্যাপক ড. ফারকুজ্জামান খাঁন,
সেক্রেটারি অধ্যাপক রফিকুল ইসলাম,
ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক অলিউর রহমান ও
এস্টেট প্রধান মো. আলাউদ্দিনসহ অন্যান্য
শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা।

মানববন্ধনে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের ভারপ্রাপ্ত
পরিচালক অলিউর রহমান পিকুল বলেন,
‘বাংলাদেশে ঘোষিত পে-স্কেল স্থগিত রাখার
জন্য সরকার তালবাহানা করছে।

২০১৫ সাল থেকে ৫ বছর পরপর পে-স্কেল
ঘোষণা করার কথা থাকলেও তা এখনো
বাস্তবায়ন করেনি। তারা সরকারি কর্মকর্তাদের
বঞ্চিত করেছেন। সরকারি কর্মকর্তারা যারা
সততার সঙ্গে কাজ করে তাদের জীবনযাপন
করতে কষ্ট হয়। এ ষড়যন্ত্রের বিরুদ্ধে যদি
বাংলাদেশে ২৫ লক্ষ চাকরিজীবী নির্বাচন
বয়কট করেন তাহলে নির্বাচন প্রশ্নবিদ্ধ হয়ে
যাবে।

,

অধ্যাপক ড. ফারুকুজ্জামান খান বলেন,
‘দ্রব্যমূল্য বৃদ্ধি আমাদের যে কষ্ট দিয়েছে তা
প্রকাশ করার মতো নয়। ২০১৫ সালে সরকার
বলেছিল যে হারে দ্রব্যমূল্য বাড়বে আমরা
সময়ের সঙ্গে সঙ্গে বেতন বাড়িয়ে দেব, কিন্তু
সরকার সে কথা রাখেনি। আমরা আশা
করেছিলাম কিছু মহার্ঘ্য ভাতা বা ইনক্রিমেন্ট

পাবো, কিন্তু দুইবার যা দেওয়া হয়েছে তা ঠাট্টা বা
ইয়ার্কি ছাড়া কিছুই না। সরকারে যারা কাজ
করেন তাদের যদি রাস্তায় নামতে হয়, তাহলে
এটা খুবই দুঃখজনক।

আমরা বর্তমান সরকারকে আহ্বান করতে চাই
যে, আপনারা পে স্কেলের অন্তত শুরুটা করে
যান। নির্বাচনের পরে দলীয় সরকার আসলে কি
হয় সেটা বলা যায় না।'